# একই দিনে দুই ভোটের ঘোষণায় জনগণের ইচ্ছা উপেক্ষিত: জামায়াত



সংগৃহীত ছবি

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সাধারণ সম্পাদক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, প্রধান উপদেষ্টার একই দিনে গণভোট ও জাতীয় নির্বাচন আয়োজনের ঘোষণা জনগণের ইচ্ছার প্রতি অনাদর প্রদর্শন করেছে।

বৃহস্পতিবার (১৩ নভেম্বর) বিকেলে মগবাজারে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এই মন্তব্য করেন।

গোলাম পরওয়ার বলেন, “আমরা বারবার অনুরোধ করেছি যে গণভোট ও সংসদীয় নির্বাচন এক সঙ্গে করা উচিত নয়। প্রয়োজনীয় যুক্তি দিলেও তা উপেক্ষিত হয়েছে।”

তিনি আরও বলেন, জাতীয় নির্বাচনের ইতিহাসে সাধারণত কিছু কেন্দ্র সমস্যায় পড়ে। অনেক কেন্দ্রে ভোটগ্রহণ বন্ধও হয়ে যায়। এ পরিস্থিতিতে যদি প্রতীকের ভোট বন্ধ থাকে, তাহলে একই দিনে গণভোট কীভাবে হবে, এ নিয়ে প্রশ্ন তৈরি হয়।

তিনি সতর্ক করে বলেন, “এই ধরনের সিদ্ধান্তে প্রায় ১২ কোটি ভোটার বিভ্রান্ত হবেন। এজন্যই আমরা আটটি দল মিলে জাতীয় নির্বাচনের আগে গণভোট আয়োজনের প্রস্তাব দিয়েছিলাম। তবে প্রধান উপদেষ্টার ভাষণে এ সংকটের সমাধান দেখা যায়নি।”

গোলাম পরওয়ার জানিয়েছেন, আজ সন্ধ্যার পর দলের নির্বাহী পরিষদ প্রধান উপদেষ্টার ঘোষিত সব সিদ্ধান্ত পর্যালোচনা করবে। এছাড়া সমমনা আট দলও বিষয়গুলো পর্যালোচনা করে তাদের প্রতিক্রিয়া জানাবে। সবশেষে এ বিষয়ে সমন্বিত ও বিস্তারিত প্রতিক্রিয়া প্রকাশ করা হবে।

LENS ASIA